

## লন্ডনে আইসিইউতে মেয়র আনিসুল হক

মুনজের আহমদ চৌধুরী, লন্ডন

১৬ আগস্ট ২০১৭, ০৮:১৮

বিজ্ঞাপন



আনিসুল হক (ফাইল ছবি)

বিজ্ঞাপন

লন্ডনে অবস্থানরত ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক হঠাৎ অসুস্থ হয়ে পড়েছেন। পরে তাকে স্থানীয় একটি হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়।

লন্ডনে বাংলাদেশ হাইকমিশনের প্রেস মিনিস্টার নাদীম কাদির বাংলা ট্রিবিউনকে এ তথ্য নিশ্চিত করে বলেন, ‘ডিএনসিসি’র মেয়র আনিসুল হক সেরিব্রাল ভাসকুলাইটিসে (মস্তিষ্কের রক্তনালীর প্রদাহ) আক্রান্ত হয়েছেন। তার স্ত্রী রুবানা হক সবার দোয়া চেয়েছেন।’

তিনি আরও বলেন, ‘গতকাল (মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনিসুল হকের স্ত্রী রুবানা হককে ফোন করেছিলেন। এ সময় তিনি মেয়রের দ্রুত আরোগ্য কামনা করেন।’

অন্যদিকে যুক্তরাজ্য যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক জামাল আহমেদ খান বাংলা ট্রিবিউনকে বলেন, ‘গত ১৩ আগস্ট হঠাৎ করে অসুস্থ হয়ে পড়লে মেয়র আনিসুল হককে সেন্ট্রাল লন্ডনের একটি হাসপাতালে ভর্তি করা হয়। তবে ভিজিটররা যাতে ডিস্টার্ব না করেন সেজন্য পরিবারের অনুরোধে এ মুহূর্তে হাসপাতালের নাম প্রকাশ করা হচ্ছে না।’

বিজ্ঞাপন

/এমএ/এসএনএইচ/

বিজ্ঞাপন

\*\*\* বাংলা ট্রিবিউন সব ধরনের আলোচনা-সমালোচনা সাদরে গ্রহণ ও উৎসাহিত করে। অশালীন ও কুরুচিপূর্ণ মন্তব্য পরিহার করুন। এটা আইনত দণ্ডনীয় অপরাধ।